**PG/IVS/BNG-404/13**

২০১৩

( স্নাতকোত্তর )

বাংলা

পাঠপর্যায় — ৪

একক ক্রম — বি.এন.জি–৪০৪

*দক্ষিণ–প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন*

বিশেষপত্র — ১

( *ভাষাবিজ্ঞান ও ভাষাসমীক্ষা* )

পূর্ণমান ঃ ১০

সময় ঃ ৩০ মিনিট

যে কোনো *একটি* প্রশ্নের উত্তর দাও ঃ

১। উপভাষা এবং উপভাষাতত্ত্বের পারস্পরিক সম্পর্ক নিরূপণ করো । বঙ্গালী এবং কামরূপী উপভাষার একটি তুলনাত্মক আলোচনা কর । ৩ + ৭

( *Turn Over* )

*অথবা*

টীকা লেখো : (যে কোন *দুটি* ) ৫ × ২

( *ক* ) উপভাষা জরিপ (Dialectal Survey )

( *খ* ) সমশব্দ গন্ডিরেখা (Iso-gloss) ও সমরূপ গন্ডিরেখা (Iso-morph )

( *গ* ) উপভাষা-ভূগোল

( *ঘ* ) সামাজিক উপভাষা (Sociolect) ।

বিশেষপত্র — ২

( *মধ্যযুগের সাহিত্য* )

পূর্ণমান : ১০

সময় : ৩০ মিনিট

যে কোনো *একটি* প্রশ্নের উত্তর দাও :

১। "পুষ্পিকা" কী ? প্রাগাধুনিক বাংলা পুঁথিতে "পুষ্পিকা"-র গুরুত্ব সম্পর্কে আলোচনা করো। ১০

*অথবা*

২। (ক) প্রাচীনকালে 'তুলট' কাগজ তৈরীর পদ্ধতি বিষয়ে সংক্ষেপে আলোচনা করো । ৫

(খ) ব্যাখ্যা সহ কালাঙ্ক নির্ণয় করো : $২\frac{১}{২} \times ২$

(*i*) শাকে হল্য চন্দ্রকলা বাম করতলে ।
বাম হল্য বিধিকান্ত পড়িল অনলে ।।

(*ii*) জলধির বামেতে ভুবন মাঝে দ্বার ।
শাকে রচে দ্বিজ বংশী পদ্মার পুরাণ ।।

বিশেষপত্র — ৩

(*লোকসংস্কৃতি ও লোকসাহিত্য*)

পূর্ণমান : ১০

সময় : ৩০ মিনিট

১। যে কোনো *একটি* প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) একটি ক্ষেত্রসমীক্ষায় যাওয়ার পূর্বে গবেষক কোন্ কোন্ গুরুত্বপূর্ণ কাজগুলি করবেন ? ক্ষেত্রসমীক্ষা থেকে ফিরে এসে গবেষক কী কী করবেন ? ৬ + ৪

(খ) টীকা লেখো (যে কোনো দুটি) ঃ ৫ × ২

ক্ষেত্রসমীক্ষা পরিচালনার পদ্ধতি, ক্ষেত্রসমীক্ষা পরিচালনার সময়ের সাবধানতা, ক্ষেত্রসমীক্ষার জগতে আশুতোষ ভট্টাচার্যের অবদান ।

বিশেষপত্র — ৪

(*নাটক*)

পূর্ণমান ঃ ২০

সময় ঃ ১ ঘণ্টা

১। 'থার্ড থিয়েটার'-এর ঐতিহাসিক প্রেক্ষিত আলোচনা করে এদেশের রঙ্গমঞ্চে তার ব্যবহার সম্পর্কে বাদল সরকারের বিবেচনা বুঝিয়ে দাও । ১০

*অথবা*

কোন্ বিশেষ প্রেক্ষাপটে অ্যাবসার্ড নাটকের জন্ম তা জানাও, বাংলা নাটকে এই নাট্যদর্শন কতখানি প্রসার লাভ করেছে বুঝিয়ে দাও ।

২। 'গল্প হেকিম সাহেব' নাটকে 'হেকিম সাহেব' চরিত্রটি অবলম্বনে নাটকটির নামকরণের তাৎপর্য বিশ্লেষণ করো । ১০

*অথবা*

'গল্প হেকিম সাহেব' নাটকে মোহরবাঈ চরিত্রটির নাট্য প্রয়োজনীয়তা ও শিল্প সার্থকতা বিচার করো ।

বিশেষপত্র — ৫

(*রবীন্দ্র সাহিত্য*)

পূর্ণমান ঃ ২০

সময় ঃ ১ ঘণ্টা

১। 'জীবন স্মৃতি'তে 'তখনকার পরিস্থিতি এখনকার অনুভূতি'র আলোকে বর্ণিত হয়েছে — মন্তব্যটি বিচার করো । ১০

*অথবা*

'সভাস্থলে এই আমার প্রথম প্রবন্ধ পাঠ' ।— কোন্ প্রবন্ধ পাঠের কথা বলেছেন কবি । এই প্রবন্ধে সংগীত বিষয়ে রবীন্দ্রনাথের বক্তব্যের সূত্রে জীবন স্মৃতিতে উল্লিখিত কবির তৎকালীন মতটির উল্লেখ করো ।

২। স্বদেশী সমাজ গঠন পরিকল্পনা সম্পর্কে রবীন্দ্র অভিজ্ঞতার পরিচয় দাও । ১

*অথবা*

শ্রীনিকেতন পল্লীচর্চা কেন্দ্র প্রতিষ্ঠা ও পল্লি উন্নয়ন ভাবনায় কবির কর্মপ্রয়াসের সংক্ষিপ্ত পরিচয় দাও ।

বিশেষপত্র — ৬

( *তুলনামূলক প্রতিবেশী সাহিত্য* )

পূর্ণমান ঃ ২০

সময় ঃ ১ ঘন্টা

১। 'তুলনামূলক সাহিত্য'কে কি 'বিশ্বসাহিত্য' অভিধায় বিভূষিত করা যায় ? তুলনামূলক সাহিত্যের স্বরূপ বিশ্লেষণ করে বিষয়টি বুঝিয়ে দাও । ১

*অথবা*

ভারতীয় উপন্যাসের উদ্ভব ও বিকাশে পাশ্চাত্য প্রভাবের ক্রিয়াশীলতা বিষয়ে আলোচনা করো ।

২। উর্দু সাহিত্যে সাদত হাসান মান্টোর সমাদৃত হবার কারণগুলি কী কী ? তাঁর কথাসাহিত্য থেকে দৃষ্টান্ত দিয়ে বিষয়টি বুঝিয়ে দাও । ১০

*অথবা*

প্রেমচন্দ ও ভীষম সাহনীর কথাসাহিত্যের মূল প্রবণতাগুলির আলোচনা করে হিন্দী সাহিত্যে তাঁদের অবস্থান সম্পর্কে জানাও ।

*অথবা*

আধুনিক অসমীয়া সাহিত্যের পথিকৃৎ লক্ষ্মীনাথ বেজবরুয়ার সাহিত্যকৃতি সম্পর্কে নাতিদীর্ঘ প্রবন্ধ রচনা কর ।

*অথবা*

কালিন্দীচরণ পাণিগ্রাহী কেন ওড়িয়া সাহিত্যের ইতিহাসে বিশিষ্ট স্থানাধিকারী, উদাহরণসহযোগে আলোচনা কর ।

*অথবা*

ছায়াবাদী যুগ ও উত্তর ছায়াবাদী যুগের কবিদের কাব্যভাবনার মূল তফাৎ কোথায় ? উদাহরণসহ বুঝিয়ে দাও ।

---